

## গল্প - কবিতার গল্প

বহুদিন পর আমি কবিতা লিখতে বসে চেয়ে নিই রঙ তুলিগান  
 নদীতে ভিজিয়ে নিই সঙ্গেঘনিয়ে এলে আমাদের রঙিনশাস্পান  
 তারপর ভেসে চলি যেদিকে দুচোখ যায় হতভাগ্যবাউন্ডুলে হয়ে  
 কত কত মানুষের চরিত্র কুড়িয়ে নিই একদিন বলিবনির্ভয়ে  
 বৃন্দ এক বলেছিল কিছু তো চাইনি শুধু সারাদিনে ভাতএকমুঠো  
 কলের শ্রমিক এক ছাঁটাই হওয়ার পরে উড়েগেল ফেফখড়কুটো  
 একটি বিচ্ছিন্ন শিশু ফুটপাথে মরে গিয়ে হয়ে গেল আলোকচিত্র  
 প্রদর্শনী দেখে লোকে , আর সেই শিশু হয় উপবাসীকাকের তীর্থ  
 সে সব মানুষ আজ বারবার উসকোয়, ‘রাখো, রাখো আমাদের লিখে’  
 কবিতা লিখতে গিয়ে প্রায়শই খেয়াল হয় চলেযাচ্ছি গল্পের দিকে;



বহুদিন পরে আমি গল্প লিখতে গিয়ে খুঁজে ফিরি সে সবচরিত্র  
 তারা এসে মধ্যরাতে মুঠো মুঠো ছুঁড়ে দেয় কত ছবিচিত্র বিচিত্র  
 কোথাও প্রাসাদ গড়ে কোটিপতি মানুষেরাছেঁড়াদের ছিটেবেড়া ভেঙে  
 কালো টাকা গায়ে দিয়ে রাজনীতি কাঁদে খুবপ্রতিদিন গরীবের প্রেমে  
 তাহাদেরই ভোট দিয়ে সে সব গরিব সিঁড়ি ভাঙে অতিদ্রুত দারিদ্র সীমার  
 সুড়ঙ্গে পৌছে গেলে সরকার জারি করে সার্কুলারজীবনবীমার  
 আমি এক বাউন্ডুলে কী মজায় দিন কাটে এপ্রথিবীজিলিপি জটিল  
 চারপাশে রন্তে ভেজা ক্যানভাস তার মধ্যে শুনি ম্যাহফিল  
 সামনে বিপদ - আলো তা জেনেও বেহালায় সুর তোলেমাতাল নাবিকে  
 গল্প লিখতে গিয়ে হঠাৎ লক্ষ করি চলে যাচ্ছিকবিতার দিকে।

তপনবন্দ্যোপাধ্যায়